# কাতারে চাকুরী পরিবর্তনের প্রক্রিয়া কী?

State of Qatar
وزارة العمل
MINISTRY OF LABOUR

## কাতার দেশে কর্মরত সকল শ্রমিক কোন অনাপত্তি সার্টিফিকেট (এনওসি) ছাড়াই নিয়োগকর্তা পরিবর্তন করতে পারেন।

২০০৪ সালের ১৪ নং শ্রম আইনের অধীনে বেসরকারী খাতে যারা কাজ করছেন, যেমন গৃহ শ্রমিক, কৃষি ও চারণ শ্রমিক এবং জেলেদের ক্ষেত্রে নিম্নের পদক্ষেপগুলো প্রযোজ্য হবে। চাকুরী পরিবর্তন করতে হলে নিম্নের পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে।

### 1

**চাকুরী পরিবর্তন করতে হলে শ্রমিকদের অবশ্যই শ্রম মন্ত্রণালয়ের ইলেকট্রনিক সিস্টেমে আবেদন দাখিল করতে হবে**

- শ্রমিককে অবশ্যই চেঞ্জ এমপ্লোয়ার ফরম প্রিন্ট করে সেটা পূরণ করে স্বাক্ষর করতে হবে। নতুন নিয়োগকর্তাকেও সেই ফরমে স্বাক্ষর করে কোম্পানীর সীল লাগাতে হবে। শ্রমিক যদি চাকুরী পরিবর্তন করে কোন বেসরকারী গৃহস্থলীর কাজে যোগ দিতে চায়, সেক্ষেত্রে নতুন মালিকের স্বাক্ষর যথেষ্ট হবে।
- শ্রমিককে তার কাতারি আইডি (কিউআইডি) এবং মোবাইল ফোন নাম্বার দিয়ে শ্রম মন্ত্রণালয়ের ইলেক্ট্রনিক সিস্টেমে অবশ্যই লগ ইন করতে হবে, এবং এরপর স্বাক্ষরকৃত ফরমের একটি কপি আপলোড করতে হবে। শ্রমিকের কাতারি আইডি কার্ডের সাথে মোবাইল নাম্বার সংযুক্ত থাকতে হবে।

### 2

**আবেদন দাখিল করা হলে পর্দায় ইসি (নিয়োগকর্তা পরিবর্তন) নাম্বার ভেসে উঠবে। এই নাম্বার নিশ্চিত করবে যে, আবেদনটি সফলভাবে দাখিল হয়েছে।**

- শ্রমিকদের ইসি নাম্বারের রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- শ্রমিকেরা যেকান সময় মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গিয়ে তাদের কাতারিআইডি কার্ড ও ইসি নাম্বার দিয়ে তাদের আবেদনের অবস্থা পর্যবেক্ষণ করতে পারেন।
- মন্ত্রণালয়ের ইলেক্ট্রনিক সিস্টেমের মাধ্যমে শ্রমিকেরা তাদের আবেদন অনুমোদিত হওয়ার আগ পর্যন্ত যে কোন সময়ে তাদের অবেদন বাতিল করতে পারেন।
- অনুমোদন হওয়ার পরেও শ্রমিকেরা শ্রম মন্ত্রণালয়ে একটি লিখিত অনুরোধ দাখিল করে তাদের আবেদন বাতিল করতে পারেন, যতক্ষণ পর্যন্ত তাদের নতুন চাকুরীর কার্যকারিতা শুরু না হয়। তাদেরকে শ্রম সম্পর্ক বিভাগের প্রধান বরাবর আরবীতে লিখিত স্বাক্ষরকৃত চিঠি দাখিল করতে বে। চিঠিতে কেন তারা আবেদন বাতিলের অনুরোধ জানাচ্ছেন তার একটি ব্যাখ্যা, দরখাস্ত দাখিলের পর প্রদত্ত ইসি নাম্বার, কাতারি আইডি ও মোবাইল ফোন নাম্বার উল্লেখ করতে হবে।

### 3

**মন্ত্রণালয় চাকুরী পরিবর্তনের আবেদন প্রত্যাখ্যান করতে পারে যদি, উদাহরণ স্বরূপ, শ্রমিক ফরমটি সঠিকভাবে পূরণ না করে অথবা নতুন মালিককে কোন কারণে নতুন শ্রমিক নিয়োগ করা থেকে বিরত রাখা হয়।**

### 4

**আবেদনটি অগ্রগামী হওয়ার পর চাকুরী পরিবর্তন ও নোটিশ পিরিয়ড নিশ্চিত করে মন্ত্রণালয় থেকে শ্রমিককে একটি এসএমএস পাঠানো হবে।**

এই পর্যায়ে বর্তমান ও নতুন নিয়োগকর্তা উভয়কে অবহিত করা হবে।

- শ্রমিক যদি বর্তমান নিয়োগকর্তার সাথে দুই বছর বা তার কম সময় কাজ করে থাকে, তাহলে নোটিশ পিরিয়ড হবে এক মাস।
- শ্রমিক যদি দুই বছরের বেশী সময় কাজ করে থাকে, তাহলে নোটিশ পিরিয়ড হবে দুই মাস।
- মন্ত্রণালয় থেকে পাঠানো এসএমএস-এ নোটিশ পিরিয়ড শেষ হওয়ার ইঙ্গিত থাকবে।
- শ্রমিক এবং বর্তমান মালিক পারস্পরিক সমঝোতার ভিত্তিতে নোটিশ পিরিয়ড কমিয়ে না আনলে শ্রমিককে অবশ্যই বর্তমান মালিকের সাথে কাজ চালিয়ে যেতে হবে।

### 5

**নোটিশ পিরিয়ড শেষ হওয়ার পর নতুন নিয়োগকর্তা মন্ত্রণালয়ের ডিজিটাল অথেনটিকেশন সিস্টেম ফর এ মাল্টিলিঙ্গুয়াল এমপ্লয়মেন্ট কন্ট্রাক্ট এর মাধ্যমে নিয়োগ চুক্তি তৈরী করবেন।শ্রমিকের নোটিশ পিরিয়ড শেষ হওয়ার তিন মাসের মধ্যে এটা সম্পন্ন করতে হবে।**

সকল তথ্য প্রদান করার পর নতুন নিয়োগকর্তা নিয়োগ চুক্তির একটি কপি প্রিন্ট করবেন এবং যাতে তিনি নিজে ও শ্রমিক উভয়ই স্বাক্ষর করবেন। শ্রমিক যদি চুক্তির শর্তাবলীতে সম্মত হন তবেই কেবল তিনি তাতে স্বাক্ষর করবেন।

- প্রমানীকরণের জন্য নতুন নিয়োগকর্তা স্বাক্ষরকৃত চুক্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করবেন।
- চূড়ান্ত হওয়ার পর নতুন নিয়োগকর্তা চুক্তির একটি প্রত্যায়িত কপি শ্রমিককে সরবরাহ করবেন।

### 6

**চাকুরীর চুক্তিপত্র প্রমানীকৃত হওয়ার পর নতুন মালিককে শ্রমিকের নতুন কাতারি আইডি কার্ডের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একটি অনুরোধ দাখিল করতে হবে।**

### 7

**শ্রমিক এখন তার নতুন চাকুরী শুরু করতে পারেন।**

শ্রমিক বিনামূল্যে নতুন মালিকের কাছ থেকে একটি নতুন কাতারি আইডি কার্ড পাবেন।

### দ্রষ্টব্য

**শ্রম মন্ত্রণালয়ের পোর্টাল থেকে সব সময় শ্রমিক ও মালিক উভয়ে চাকুরীর চুক্তিপত্রের কপি ডাউনলোড করতে পারবেন।**

### গুরুত্বপূর্ণ লিংক

- চাকুরী পরিবর্তনের জন্য আপনার আবেদন দাখিল করুন
- আপনার মালিক পরিবর্তনের আবেদনের অবস্থা যাচাই করুন
- শ্রম মন্ত্রণালয়ে শ্রম-সম্পর্কিত অভিযোগ দাখিল করুন

### কোথায় আমি আরো তথ্য পাব?

আরো তথ্যের জন্য দয়া করে শ্রম মন্ত্রণালয়ের হট লাইনে **40288101**, ইমেইলে **info@mol.gov.qa**, ওয়েবসাইটে **www.mol.gov.qa** যোগাযোগ করুন অথবা আমাদের অফিসে চলে আসুন।